

🗏 আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬:৬৮

আরবি মূল আয়াত:

اَفَرَءَيتُمُ المَآءَ الَّذِي تَشرَبُونَ ﴿ ٢٨٤﴾

তোমরা যে পানি পান কর সে ব্যাপারে আমাকে বল। — আল-বায়ান তোমরা কি পানি সম্পর্কে চিন্তা করে দেখেছ যা তোমরা পান কর? — তাইসিরুল তোমরা যে পানি পান কর সেই সম্পর্কে তোমরা ভেবে দেখেছ কি? — মুজিবুর রহমান And have you seen the water that you drink? — Sahih International

৬৮. তোমরা যে পানি পান কর তা সম্পর্কে আমাকে জানাও(১)

(১) অর্থাৎ শুধু তোমাদের ক্ষুধা নিবারণের ব্যবস্থাই নয় তোমাদের পিপাসা মেটানোর ব্যবস্থাও আমিই করেছি। তোমাদের জীবন ধারণের জন্য যে পানি খাদ্যের চেয়েও অধিক প্রয়োজনীয় তার ব্যবস্থা তোমরা নিজেরা কর নাই। আমিই তা সরবরাহ করে থাকি। [দেখুন: ফাতহুল কাদীর]। আমি তোমাদেরকে শুধু অস্তিত্ব দান করেই বসে নাই। তোমাদের প্রতিপালনের এত সব ব্যবস্থাও আমি করছি যা না থাকলে তোমরা বেঁচেই থাকতে পারতে না। [আদওয়াউল-বায়ান]

তাফসীরে জাকারিয়া

(৬৮) তোমরা যে পানি পান কর, সে সম্পর্কে তোমরা চিন্তা করেছ কি?

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5047

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন